

ভর্তি হতে না পারা শিক্ষার্থীর দায়িত্ব নিলো ছাত্রদল

স্টাফ রিপোর্টার, বরিশাল

প্রকাশিত: ০৭:৪১, ১ জুলাই ২০২৫; আপডেট: ০৭:৪৫, ১
জুলাই ২০২৫



ছবি: জনকণ্ঠ

আর্থিক সমস্যার কারণে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি হতে পারছিলেন না এক ছাত্রী। বিষয়টি তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে তুলে ধরেন। বিষয়টি নজরে আসার পর ওই ছাত্রীর পাশে দাঁড়িয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল নেতারা।

সোমবার (৩০ জুন) দিবাগত রাতে তথ্যের সত্যতা নিশ্চিত করে ছাত্রদল নেতা মোশাররফ হোসেন জানিয়েছেন, তিনিসহ অপর ছাত্রদল নেতা কাইউম তালুকদার এবং মেহেদী হাসান বান্ধি সম্মিলিতভাবে ওই শিক্ষার্থীর ভর্তি-সংক্রান্ত সকল খরচ বহনের সিদ্ধান্ত নিয়েছেন। শুধু ভর্তি নয়; প্রয়োজনে ভবিষ্যতে ওই শিক্ষার্থীর পাশে থাকার জন্য তারা আশ্বাস দিয়েছেন।

মোশাররফ হোসেন বলেন, আমি মনে করি ছাত্রদল শুধুই একটি রাজনৈতিক সংগঠন নয়; এটি সাধারণ শিক্ষার্থীদের আশার বাতিঘর। শিক্ষা সবার অধিকার। কোনো শিক্ষার্থী যেন ভর্তি বা একাডেমিক প্রক্রিয়ায় পিছিয়ে না পড়ে, সেটি নিশ্চিত করাই আমাদের দায়বদ্ধতা। ছাত্রদল প্রতিবছরই এই সহায়তা কার্যক্রম চালিয়ে যাচ্ছে এবং ভবিষ্যতেও শিক্ষার্থীদের পাশে থাকবে।

কাইটম তালুকদার বলেন, ছাত্রদল বিশ্বাস করে— প্রতিটি শিক্ষার্থীর স্বপ্ন বাস্তবায়নের পথে মানবিক সহযোগিতা একটি গুরুত্বপূর্ণ শক্তি। আমরা সেই শক্তি হতে চাই।

মেহেদী হাসান বান্ধি বলেন, আমাদের নেতা তারেক রহমান অতিগোপনে দেশব্যাপী অসংখ্য শিক্ষার্থীর পড়াশোনার ব্যয়ভার বহন করেন। আমরা তার একজন সামান্য কর্মী হিসেবে বিবিতে ভর্তি হতে না পারা শিক্ষার্থীর পাশে দাঁড়াতে পেরে নিজেদের ধন্য মনে করছি।

তিনি আরও বলেন, জাতীয়তাবাদী ছাত্রদল সবসময় শিক্ষার্থীবাঙ্গব রাজনীতি করে। শিক্ষার্থীদের যেকোনো ন্যায্য দাবির পাশে আমরা ছিলাম, আছি এবং থাকবো। আমরা দায়িত্ব নিয়েছি ভবিষ্যতে এমন যেকোনো শিক্ষার্থীর পাশে দাঁড়াবো।